



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৭-০৮-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের কমিটি ফর ওমেন্স ফুটবল এর জরুরি সভা অদ্য ২৭-০৮-২০২১ তারিখ শুক্রবার বিকাল ৪:০০ ঘটিকায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্ব করেন ফিফা কাউন্সিল মেম্বর ও বাফুফে এবং এএফসি সদস্য ও কমিটি ফর ওমেন্স ফুটবল এর চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরণ। সভায় আগামী ০৮ হতে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত নেপালে অনুষ্ঠিতব্য 'ফিফা টায়ার-১ আন্তর্জাতিক ফুটবল ম্যাচ ২০২১' এর ২টি খেলা এবং আগামী ১৯ হতে ২৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত উজবেকিস্তানে অনুষ্ঠিতব্য 'এএফসি ওমেন্স এশিয়ান কাপ ২০২২, ইন্ডিয়া (কোয়ালিফায়ার্স)' এর খেলায় বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলের অংশগ্রহণের বিষয়ে বিষদ আলোচনা হয়।

বিস্তারিত আলোচনা শেষে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল চাটার্ড বিমানযোগে নেপাল গমন করবে এবং 'ফিফা টায়ার-১ আন্তর্জাতিক ফুটবল ম্যাচ ২০২১' শেষে 'এএফসি ওমেন্স এশিয়ান কাপ ২০২২, ইন্ডিয়া (কোয়ালিফায়ার্স)' এর খেলায় অংশগ্রহণের লক্ষ্যে নেপাল হতে উজবেকিস্তান গমন করবে।

খালিদ মাহমুদ নওমী
এক্সিকিউটিভ-মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।